

মতুরা সঙ্গীত

৮

৯ নং

তাল—একতালী

রাগ—ঝিকিট

গুরুগোসাই গোপালচাঁদ সুনির্মলচাঁদ উদয় হ'ল ।

সে চাঁদ দেখবি যদি আয় চল্বে ত্বরায়, দরশনের

সময় বয়ে গেল ॥

- ১। অজ্ঞান তিমির চাঁদে করে নাশ, জ্ঞানেরই জ্যোৎসনা
করিয়ে প্রকাশ ।

সেই চাঁদের কিরণ ভুবন মোহন, দেখতে ভাল

চাঁদ ভূতলে এল ॥

- ২। শ্রীধাম লক্ষ্মীখালী চাঁদেরই উদয়, ঐ চাঁদেরই
কিরণে জগৎ দীপ্তময় ।

যে চাঁদ দেখব ভাবলে মনে, পাপ যায় তখনে,

দরশনের ফল বলা নয় গেল ॥

(অন্তরা)

- ১। বহু জন্মার্জিত পাপক্ষয় চাঁদ দরশনে, পবিত্র হইবে
দেহ চাঁদ গঙ্গা স্নানে,
সে গঙ্গায় ডুব দেবে মন গুরু বলে, জাগিস্ না কখনে ॥

- ২। ধ্যান মূলং গুরুমূর্তি, মন্ত্র মূলং গুরু বাক্য, পূজা মূলং
গুরুর পদ, কর নয়ন জল মন ঐক্য,
তস্মৈঃ শ্রীগুরবে নমঃ বলে দেও চরণে,

পবিত্র হইবে দেহ চাঁদ গঙ্গা স্নানে ॥

—গুরুচরণ

